

সীমিত
বিএনএফডব্লিউএ কেন্দ্রীয় কার্যালয়

১। **ত্রৈমাসিক সভা আয়োজন প্রসঙ্গে।** গত ১৬ নভেম্বর ২০২৩ তারিখ বিএনএফডব্লিউএ কেন্দ্রীয় কার্যালয়ের কনফারেন্স রুমে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ও বিএন লেডিস ক্লাবের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভানেত্রী হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ এবং প্রধান পৃষ্ঠপোষক বিএন লেডিস ক্লাব নাদিয়া সুলতানা। সভার শুরুতে বিএনএফডব্লিউএ এর মাননীয় প্রেসিডেন্ট উপস্থিত সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘের ত্রৈমাসিক সভার কার্যক্রম শুরু করেন। প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ ও প্রধান পৃষ্ঠপোষক বিএন লেডিস ক্লাব হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো ত্রৈমাসিক সভায় আঞ্চলিক শাখার সকল চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যান এবং আমন্ত্রিত অতিথিদের মাঝে উপস্থিত হতে পেরে তিনি মহান আল্লাহ তায়ালার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সভানেত্রী তাঁর ভাষণে, বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ও বিএন লেডিস ক্লাবের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড এবং অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন। একইসাথে বিএনএফডব্লিউএ এবং বিএন লেডিস ক্লাবের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এছাড়াও বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘের প্রধান পৃষ্ঠপোষক মাননীয় নৌবাহিনী প্রধানের পক্ষ হতে প্রদত্ত সকল ধরনের সহযোগিতা এবং সদয় দিকনির্দেশনার জন্য কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।



বিএনএফডব্লিউএ ও বিএন লেডিস ক্লাবের ত্রৈমাসিক সভায় মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ নাদিয়া সুলতানা



ত্রৈমাসিক সভায় উত্থাপিত এজেন্ডাসমূহ আলোচনার একাংশ



ত্রৈমাসিক সভা শেষে মাননীয় প্রেসিডেন্ট, সকল শাখার চেয়ারম্যান, ডেপুটি চেয়ারম্যান ও কোষাধ্যক্ষগণের আলোকচিত্র



ত্রৈমাসিক সভা শেষে মাননীয় প্রেসিডেন্ট, কেন্দ্রীয় কমিটির সকল ভাইস প্রেসিডেন্ট, সচিবগণ এবং কোষাধ্যক্ষগণের আলোকচিত্র

বিএনএফডব্লিউএ ঢাকা

১। সশস্ত্র বাহিনী দিবস- ২০২৩ উদযাপন। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে গত ২১ নভেম্বর ২০২৩ নাবিক আবাসিক এলাকাস্থ নোঙ্গর ভবনে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন ঢাকা স্কুলের ব্যবস্থাপনায় রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগম শিরিন মাহমুদ, জেনারেল সেক্রেটারি বিএনএফডব্লিউএ ঢাকা। এছাড়াও সচিব (শিক্ষা) বিএনএফডব্লিউএ ঢাকা ও অধ্যক্ষ নৌপরিবার শিশু নিকেতন ঢাকা, স্কুলের অন্যান্য শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ বর্ণিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উপলক্ষ্যে বিএনএফডব্লিউএ ঢাকা শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন ঢাকা স্কুলের ব্যবস্থাপনায় রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়



সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ



সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার বিজয়ীদের সাথে আলোকচিত্র
বিএনএফডব্লিউএ চট্টগ্রাম

১। নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের উদ্যোগে ক্লাস পার্টির আয়োজন। গত ০৯ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের শিক্ষার্থীদের জন্য বাৎসরিক ক্লাস পার্টি বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানদ্বয়ে আয়োজন করা হয়। উক্ত ক্লাস পার্টিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলোয়া আকতার। এছাড়া অত্র শাখার জেনারেল সেক্রেটারী, সচিব (শিক্ষা) ও যুগ্ম সচিব (শিক্ষা) উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের কোমলমতি শিক্ষার্থীরা প্রধান অতিথিকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান। অত্র শাখার সম্মানিত চেয়ারম্যান উক্ত ক্লাস পার্টির কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। সম্মানিত প্রধান অতিথি নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের বিভিন্ন ক্লাস রুমের সকল শিক্ষার্থীদের সাথে সৌজন্য সাক্ষাত করেন এবং শিক্ষার্থীদের আনন্দমুখর পরিবেশ উপভোগ করেন।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলোয়া আকতারকে ফুল দিয়ে অভ্যর্থনা জানায় নৌপরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের কোমলমতি শিক্ষার্থীরা



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন-১ স্কুলের ক্লাস পার্টি উপলক্ষ্যে অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন



সীমিত

ক্লাস পার্টি উপলক্ষ্যে নৌপরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের কোমলমতি শিক্ষার্থীদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন-২ স্কুলের ক্লাস পার্টি উপলক্ষ্যে অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন।



ক্লাস পার্টি উপলক্ষ্যে নৌপরিবার শিশু নিকেতন-২ চট্টগ্রাম স্কুলের কোমলমতি শিক্ষার্থীদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার

২। বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার উদ্যোগে সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন। গত ২১ নভেম্বর ২০২৩ তারিখে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘সশস্ত্র বাহিনী দিবস-২০২৩’ উপলক্ষ্যে প্রামাণ্যচিত্র প্রদর্শন, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিএনএফডব্লিউএ অডিটোরিয়াম চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান এর পক্ষে জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও অত্র শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ স্কুলের শিক্ষিকাবৃন্দ এবং অংশগ্রহণকারী শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে প্রামাণ্যচিত্র প্রদর্শন ও আলোচনা সভার আয়োজন করা হয়।



সীমিত

সীমিত

সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কুরআন তিলাওয়াত করে নৌপরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের শিক্ষার্থী



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের উদ্যোগে সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রামাণ্যচিত্র প্রদর্শন



সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করেন অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী



সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করেন অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী



সীমিত

সশস্ত্র বাহিনী দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী

৩। **নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভার আয়োজন।** গত ২৭ নভেম্বর ২০২৩ তারিখে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার কনফারেন্স রুমে নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র শাখার চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি আলোয়া আকতার সভাপতিত্ব করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করায় সভাপতি সন্তোষ প্রকাশ এবং চলমান কার্যক্রমসমূহকে ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর ২৭ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার এজেন্ডাসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে এজেন্ডাসমূহের সিদ্ধান্ত প্রদান করেন। সভায় সিআইএনএস, নেভাল স্টোর ডিপো চট্টগ্রাম, অধ্যক্ষ বিএন স্কুল ও কলেজ চট্টগ্রাম, অত্র শাখার কার্যনির্বাহী সচিব (শিক্ষা), কোষাধ্যক্ষ এবং নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের অধ্যক্ষদ্বয় উপস্থিত ছিলেন।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার কনফারেন্স রুমে নৌপরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভার সভাপতিত্ব করেন অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার

৪। **আশার আলো স্কুলের উদ্যোগে ক্লাস পার্টির আয়োজন।** গত ২৭ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ কর্তৃক পরিচালিত আশার আলো স্কুলের বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য ক্লাস পার্টির আয়োজন করা হয়। উক্ত ক্লাস পার্টিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলোয়া আকতার। এছাড়া অত্র সংঘের সচিব (শিক্ষা), যুগ্ম সচিব (শিক্ষা) এবং আশার আলোর স্কুলের অধ্যক্ষ উপস্থিত ছিলেন। সম্মানিত প্রধান অতিথি আশার আলো স্কুলের ক্লাস পার্টির কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের আনন্দমুখর পরিবেশ উপভোগ করেন। অতিথিদের সম্মানে আশার আলো স্কুলের বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্মানিত প্রধান অতিথি আশার আলো স্কুলের ক্লাস পার্টি উপলক্ষ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করেন।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলোয়া আকতারকে ফুল দিয়ে অভ্যর্থনা জানায় আশার আলো স্কুলের বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী



ক্লাস পার্টি উপলক্ষ্যে অতিথিদের সম্মানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে আশার আলো স্কুলের বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীবৃন্দ



ক্লাস পার্টি উপলক্ষ্যে আশার আলো স্কুলের বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার



আশার আলো স্কুলের ক্লাস পার্টি উপলক্ষ্যে অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা

৫। বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার তত্ত্বাবধানে সাধারণ সভার আয়োজন। গত ২৯ নভেম্বর ২০২৩ তারিখে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার তত্ত্বাবধানে সাধারণ সভা বিএনএফডব্লিউএ কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার উক্ত সভার সভাপতিত্ব করেন। সভায় অত্র শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন স্কুল, বিপণন কেন্দ্র বিনুক এবং বিভিন্ন অনুষ্ঠানের কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার সাধারণ সভার সভাপতিত্ব করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার

বিএনএফডব্লিউএ খুলনা

১। **নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের ক্লাস পার্টি**। বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের ক্লাস পার্টি গত ০৪ নভেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত ক্লাস পার্টি অনুষ্ঠান প্রত্যেক শ্রেণিতে পৃথকভাবে কেক কাটিং এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে আরম্ভ হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে হালকা নাস্তা ও প্যাকেট খাবার প্রদান করা হয়। নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের সকল শিক্ষার্থী বিপুল উৎসাহ ও উদ্দীপনার সাথে ক্লাস পার্টি উপভোগ করে। উক্ত অনুষ্ঠানে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা এবং কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের অধ্যক্ষ ও সকল শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের ক্লাস পার্টি অনুষ্ঠানে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনাকে ফুলের তোঁড়া দিয়ে সংবর্ধনা



নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলের ক্লাস পার্টি উপলক্ষ্যে কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা

২। **মেকআপ এবং হেয়ার স্টাইল কোর্স আয়োজন প্রসঙ্গে**। বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা কর্তৃক গত ১২-১৬ নভেম্বর ২০২৩ পর্যন্ত মেকআপ এবং হেয়ার স্টাইল কোর্স কার্যক্রম পরিচালিত হয়। উক্ত কোর্সে নৌ সদস্যদের পত্নী ও কন্যা সন্তানগণ বিপুল উৎসাহ ও উদ্দীপনার সাথে উক্ত কোর্স সম্পন্ন করেন। কোর্স সম্পন্নকারীদের সুবিধাজনক সময়ে সার্টিফিকেট প্রদান করা হবে।



মেকআপ এবং হেয়ার স্টাইল কোর্স পরিচালনার একাংশ



মেকআপ এবং হেয়ার স্টাইল কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীদের সাথে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা

২। নৌপরিবার শিশু নিকেতন খুলনা সশস্ত্র বাহিনী দিবস উদ্‌যাপন।

গত ২১ নভেম্বর ২০২৩ তারিখে সশস্ত্র বাহিনী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা শাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়। প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক পুরস্কার প্রদান করা হয়।



নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা



নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীদের মাঝে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা

বিএনএফডব্লিউএ কাণ্ডাই

১। **ক্লাশ পার্টি ২০২৩ উদযাপন।** গত ০৮ নভেম্বর ২০২৩ বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন কাণ্ডাই স্কুলের তত্ত্বাবধানে ক্লাশ পার্টি আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার শিক্ষা সচিব। এছাড়াও বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার কার্যনির্বাহী কমিটির যুগ্ম-সচিব (শিক্ষা), সদস্য (শিক্ষা) ও শিক্ষিকাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



প্রধান অতিথি কর্তৃক কেক কাটিং এর মাধ্যমে ক্লাশ পার্টির সূচনা



ক্লাস পার্টি উপলক্ষে প্রধান অতিথি কর্তৃক স্কুলের সকল শিক্ষার্থীকে উপহার প্রদান

২। **সশস্ত্র বাহিনীদিবস।** গত ২১ নভেম্বর ২০২৩ বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উপলক্ষে নৌপরিবার শিশু নিকেতন স্কুলের শিক্ষার্থীদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার ডেপুটি চেয়ারম্যান আসমা ফয়েজ সুরভি। এছাড়াও বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও শিক্ষিকাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক আয়োজিত সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ অনুষ্ঠান



বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে ডেপুটি চেয়ারম্যান কর্তৃক পুরস্কার প্রদান



বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে ডেপুটি চেয়ারম্যান কর্তৃক পুরস্কার প্রদান

৩। **মোটিভেশনাল লেকচার ও মতবিনিময় সভা আয়োজন।** বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখা কর্তৃক নৌবহরাদেশ ০৫/২০২৩ অনুযায়ী নতুন কার্যনির্বাহী কমিটি গঠনকরতঃ সদ্য গঠিত কার্যনির্বাহী কমিটির আওতায় অর্পিত বিভিন্ন দায়িত্ব পুনঃবন্টন করে বিভিন্ন পদক্ষেপ তথা বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ‘কল্যাণ, কাউন্সিলিং, স্বাস্থ্য ও মাতৃমঙ্গল’ এবং ‘ক্রীড়া ও সংস্কৃতি’ সচিবের অধীনে সকল নৌ সদস্যদের পরিবারবর্গের উদ্দেশ্যে গত ২৪ নভেম্বর ২০২৩, ৩টি বিষয়ের উপর ৩ জন অতিথি বক্তার মাধ্যমে ‘মোটিভেশনাল লেকচার ও মতবিনিময় সভা’ আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার ডেপুটি চেয়ারম্যান আসমা ফয়েজ সুরভি। এছাড়াও বিএনএফডব্লিউএ কাণ্ডাই উপশাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, বানৌজা শহীদ মোয়াজ্জমের সকল স্তরের কর্মকর্তা, নাবিক, এমওডিসি(নৌ) ও অসামরিক সদস্যগণের পরিবারবর্গ এবং নৌপরিবার শিশু নিকেতন কাণ্ডাই এর শিক্ষিকাবৃন্দ ও অভিভাবকবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



সীমিত
আলোচনা সভায় আমন্ত্রিত বক্তাগণ ও নৌ সদস্যদের পরিবারবর্গ



অংশগ্রহণকারী নৌ সদস্যদের পরিবারবর্গের একাংশ



পারিবারিক ও সামাজিক মূল্যবোধ বিষয়ক আলোচনা করেন লেঃ কমান্ডার জাকারিয়া



আলোচনা সভায় মতবিনিময় ও প্রশ্নোত্তর পর্ব



বিএনএফডব্লিউএ পেকুয়া

১। বিএনএফডব্লিউএ পেকুয়া উপশাখার '১ম কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত'। বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ পেকুয়া উপশাখার উদ্যোগে গত ১৩ নভেম্বর ২০২৩ তারিখ বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার সেমিনার কক্ষে ১ম কার্যনির্বাহী কমিটির সভা ডেপুটি চেয়ারম্যান ইলোরা মাহমুদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কার্যনির্বাহী কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় পেকুয়ায় কর্মরত নৌসদস্যদের পরিবারবর্গের সামাজিক, শিক্ষা, সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং বিভিন্ন কল্যাণ ও সেবামূলক কার্যক্রম নিশ্চিতকরণের বিষয়ে ভবিষ্যত কর্মপদ্ধতি নিয়ে আলোচনা করা হয়। ডেপুটি চেয়ারম্যান মহোদয় সংগঠনের কাজের গতিশীলতা আনয়নের জন্য সকলকে বিভিন্ন নির্দেশনা প্রদান করেন। সকলের উপস্থিতিতে স্বতঃস্ফূর্ত ও প্রাণবন্ত অংশগ্রহণের মাধ্যমে উক্ত সভা সাফল্যের সাথে সম্পন্ন হয়।



বিএনএফডব্লিউএ পেকুয়া উপশাখার ডেপুটি চেয়ারম্যানকে অভ্যর্থনা প্রদান করেন কমিটির সদস্যবৃন্দ



বিএনএফডব্লিউএ পেকুয়া উপশাখার ১ম কার্যনির্বাহী কমিটির সভার একাংশ

বিএনএফডব্লিউএ পটুয়াখালী

1. Bangladesh Navy Family Welfare Association started her journey on 01 October 2023. Within this short tenure, BNFWA Patuakhali has got the second Deputy Chairman. The new Deputy Chairman has taken over her duties and responsibilities.



The new Deputy Chairman has taken over the wheel of BNFWA Patuakhali



The new Deputy Chairman and other members of BNFWA Patuakhali

2. **General Meeting of BNFWA Patuakhali.** The general meeting of BNFWA Patuakhali has taken place with the proud members of the organization. The first general meeting was chaired by the new Deputy Chairman onboard.



The General Meeting chaired by the new Deputy Chairman

3. **Celebration of Armed Forces Day 2023:** The members of BNFWA Patuakhali celebrated the Armed Forces Day 2023 in a festive way.



সীমিত
The celebration of Armed Forces Day 2023
বিএনএফডব্লিউএ মোংলা

১। সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উদ্‌যাপন প্রসঙ্গে। গত ২১ নভেম্বর ২০২৩ বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ মোংলা উপশাখা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন স্কুল মোংলায় সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠিত হয়। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে নৌপরিবার শিশু নিকেতন ছাত্র/ছাত্রীদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনএফডব্লিউএ মোংলা উপশাখার ডেপুটি চেয়ারম্যান সায়মা আহমেদ খান। এছাড়াও বিএনএফডব্লিউএ মোংলা উপশাখার কার্যনির্বাহী কমিটির সদস্য ও নৌপরিবার শিশু নিকেতন স্কুলের অধ্যক্ষ ও শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।



সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতার একাংশ



সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উপলক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ

২। মাসিক সভার আয়োজন প্রসঙ্গে। গত ২৮ নভেম্বর ২০২৩ বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ মোংলা উপশাখার মাসিক সভা অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত সভায় বিএনএফডব্লিউএ মোংলা উপশাখার ডেপুটি চেয়ারম্যান সায়মা আহমেদ খান সভাপতিত্ব করেন। এছাড়া অত্র সংস্থার কার্যনির্বাহী কমিটির সদস্যগণ ও শিশু নিকেতন মোংলা স্কুলের প্রিন্সিপাল উপস্থিত ছিলেন। সভায় সভাপতি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন এবং বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।



মাসিক সভায় ডেপুটি চেয়ারম্যান বিএনএফডব্লিউএ মোংলা উপশাখা সায়মা আহমেদ খান ও অন্যান্য সদস্যবৃন্দ

বিএন লেডিস ক্লাব ঢাকা

০১। বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার চেয়ারম্যান এর দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ। গত ৩০ নভেম্বর ২০২৩ তারিখে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার এর নিকট বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার চেয়ারম্যান এর দায়িত্বভার হস্তান্তর করেন প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার। দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ অনুষ্ঠানটি বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার চেয়ারম্যান এর কক্ষে সম্পাদন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার চেয়ারম্যান এর দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ



দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ শেষে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার এবং নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার এর মতবিনিময়

২। **বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান এর বিদায় সংবর্ধনাঃ** গত ৩০ নভেম্বর ২০২৩ তারিখে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার, বাংলাদেশ নৌবাহিনী পরিবাহক কল্যাণ সংঘ কেন্দ্রীয় কমিটি, বাংলাদেশ কোস্টগার্ড পরিবার কল্যাণ সংঘের প্রসিডেন্ট, বিএনএফডব্লিউএ ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটি এবং বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ ঢাকা শাখার পক্ষ থেকে প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার-কে বিদায় সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার এবং বিএনএফডব্লিউএ ঢাকা শাখার চেয়ারম্যান বেগম নূরতাজ আজীম বক্তব্যের মাধ্যমে বিদায়ী চেয়ারম্যান এর কার্যক্রমের প্রশংসা করেন। এছাড়াও বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার পক্ষ থেকে একটি সংক্ষিপ্ত সাংস্কৃতিক পর্ব অনুষ্ঠিত হয় এবং বিএন লেডিস ক্লাব ঢাকা ও বিএনএফডব্লিউএ ঢাকা শাখার পক্ষ থেকে বিদায়ী চেয়ারম্যানকে শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। বিদায়ী চেয়ারম্যান বিএন লেডিস ক্লাব ঢাকার পক্ষ থেকে প্রদত্ত ফুলের শুভেচ্ছা গ্রহণ করেন।



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার-কে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখা কর্তৃক আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠানের একাংশ



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার-কে শুভেচ্ছা স্মারক প্রদান করছেন বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার-কে শুভেচ্ছা স্মারক প্রদান করছেন বিএনএফডব্লিউএ ঢাকা শাখার চেয়ারম্যান বেগম নূরতাজ আজীম



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার প্রাক্তন চেয়ারম্যান জেবুন নাহার এবং নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।



প্রাক্তন চেয়ারম্যানকে বিদায়ী শুভেচ্ছা জানাচ্ছেন নবাগত চেয়ারম্যান বিএন লেডিস ক্লাব ঢাকা ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ

৩। বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার নবাগত চেয়ারম্যানকে শুভেচ্ছা প্রদানঃ গত ৩০ নভেম্বর ২০২৩ তারিখে বেগম লুবনা আনোয়ার বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। এ উপলক্ষ্যে বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার পক্ষ থেকে নবাগত চেয়ারম্যানকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়ে বরণ করা হয় এবং কেক কাটিং সিরিমনি অনুষ্ঠিত হয়। নবাগত চেয়ারম্যান সকলের সাথে পরিচিত হোন এবং সংক্ষিপ্ত মতবিনিময় করেন।



নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার-কে ফুলেল শুভেচ্ছায় বরণ করছেন বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ



বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সাথে কেক কাটিং সিরিমনিতে অংশগ্রহণ করছেন নবাগত চেয়ারম্যান বেগম লুবনা আনোয়ার